কুষ্টিয়ার ভেড়ামারাতে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ কৃষকদের মাঝে খাদ্য সামগ্রী ও সহায়তা প্রদান

শেখ হাসিনা বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করেছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ-এমপি।

তিনি বলেন, জাতির পিতা একটি অসাম্প্রদায়িক দেশের স্বপ্ন দেখেছিলেন। ক্ষুধামুক্ত, উন্নত ও আত্মমর্যাদাশীল দেশ হবে। যুদ্ধবিধ্বস্ত দেশকে সাড়ে তিন বছরের মাথায় সোনার বাংলা গড়ার দিকে এগিয়ে নিয়ে গেছেন বঙ্গবন্ধু। তাকে হত্যার মধ্য দিয়ে দেশের উন্নয়ন অগ্রযাত্রা ব্যাহত করা হয়েছে। অনেক চড়াই-উতরাই পেরিয়ে সংগ্রাম করে বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০০৯ সাল থেকে বাংলাদেশ উন্নয়নের ধারায় ফিরেছে। যে বাংলাদেশ ব্যর্থ রাষ্ট্র হিসেবে চিহ্নিত ছিল আজকে সেই বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেল।

আজ শনিবার (১৬মার্চ) সকালে ভেড়ামারা উপজেলার বাহাদুরপুর ইউনিয়নের মাধবপুর এলাকায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্থ কৃষক পরিবারের মাঝে খাদ্য সামগ্রী ও সহায়তা প্রদানকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, শেখ হাসিনা উন্নয়নের রোল মডেলে পরিণত করেছেন। একসময় এই এলাকাটি চর এলাকা ছিল। এখন রাস্তা ঘাটসহ এলাকায় অনেক পাকা বাড়ী হয়েছে। এলাকার মানুষের উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষুধামুক্ত এবং দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছেন বলেই এই উন্নয়ন সম্ভব হয়েছে।

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ-এমপি আরও বলেন, এমন ভয়াবহ আগুন যা আগে কখনো দেখিনি এই এলাকাবাসী।ক্ষতিগ্রস্ত কৃষকদের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা ভেঙে পড়বেন না মনোবল হারাবেন না। আপনাদের ঘুরে দাঁড়ানোর জন্য যা যা করণীয় তাই করতে আমরা চেষ্টা চালিয়ে যাবো। এনজি থেকে যারা লোন